



তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২৪ ইং

বরাবর

সকল বিভাগীয় প্রধান

গণ বিশ্ববিদ্যালয়।

বিষয়: ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহ্বান প্রসঙ্গে।

প্রিয় সুধী,

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেন্টার ফর মাল্টিডিসিপ্লিনারী রিসার্চ এর টেকনিক্যাল কমিটির ০৯ সেপ্টেম্বর ২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির আলোচনা সভার সিদ্ধান্তক্রমে ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট থেকে গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা যাচ্ছে। গবেষণা প্রকল্পের জন্য সর্বনিম্ন সিনিয়র লেকচারার পদমর্যদার অধিকারী শিক্ষক মন্ডলীগণ প্রধান গবেষক হিসাবে ও উক্ত শিক্ষকের কমপক্ষে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে এবং জুনিয়ার শিক্ষক মন্ডলীগণ সহকারী গবেষক হিসাবে থাকতে পারবেন। তবে গবেষণা প্রকল্পের বাজেট সর্বোচ্চ ৩,০০,০০০/- টাকার মধ্যে থাকতে হবে।

অতএব, আগামী ১৫ অক্টোবর ২০২৪ ইং তারিখের মধ্যে সেন্টার ফর মাল্টিডিসিপ্লিনারী রিসার্চ এর পরিচালক বরাবর (Hard and Soft copy) একসাথে জমা প্রদান করার জন্য অনুরোধ করছি। সফট কপি প্রেরণের ঠিকানা: ই-মেইল: gonoresearch@gmail.com.

বি.দ্র: ১. এই বিষয়টি বিভাগের সকল শিক্ষককে জানানোর জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২. গবেষণা প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়ার নীতিমালা (<https://gonouniversity.edu.bd/research/guideline-for-preparation-of-research-proposal-and-submission/>) ওয়েব সাইট থেকে সংগ্রহ করার জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

( ডা: মো: তারিকুল ইসলাম )

পরিচালক, সেন্টার ফর মাল্টিডিসিপ্লিনারী রিসার্চ  
গণ বিশ্ববিদ্যালয়।

অনুলিপিঃ

১. উপাচার্য, গণ বিশ্ববিদ্যালয়।
২. কোষাধ্যক্ষ, গণ বিশ্ববিদ্যালয়।
৩. সকল অনুষদের ডীন, গণ বিশ্ববিদ্যালয়।
৪. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), গণ বিশ্ববিদ্যালয়।
৫. অফিস কপি।